বিশেষ অনুশীলন (২) - ২০২০ এর সিলেবাসঃ

১। অধ্যায় দুই ঃ বাংলাদেশের মুক্তিযুদ্ধ
২। অধ্যায় ছয় ঃ বাংলাদেশের অর্থনীতি
৩। অধ্যায় সাত ঃ বাংলাদেশঃ রাষ্ট্র ও সরকার ব্যবস্থা

# বিশেষ অনুশীলন (২) - ২০২০

বিষয় কোড-১৫০

শ্রেণি- অষ্টম

বিষয়- বাংলাদেশ ওবিশ্বপরিচয় ~~(বহুনির্বাচনি)~~

সময়-~~৩০~~ 75 মিনিট    পূর্ণমান -~~৩০~~ 50

(বিঃদ্রঃ বহুনির্বাচনি প্রশ্নের উত্তর উত্তরপত্রে ক্রমিক নম্বর দিয়ে লিখবে। প্রতিটি প্রশ্নের মান-১)

১। ‘স্বাধীন বাংলার’ পতাকা প্রথম কত তারিখ উত্তোলণ করা হয়েছিল ?
ক) ১ লা মার্চ ১৯৭১ খ) ২রা মার্চ ১৯৭১
গ) ১ লা মার্চ ১৯৭২ ঘ) ২ রা ১৯৭১

২। ১৯৭১ সালে মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?
ক) এম. মনসুর আলী
খ) এ. এইচ. এম. কামরুজ্জামান
গ) খোন্দকার মোশতাক আহমদ
ঘ) অধ্যাপক ইউসুফ আলী

৩। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় রাজশাহী, পাবনা ও বগুড়া জেলা কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?
ক) ৩নং খ) ৫নং গ) ৭নং ঘ) ৯নং

৪। প্রিয়মের ছোট বোন মাইশা ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর জন্মগ্রহণ করে। আলোচ্য জন্মতারিখটি বাংলাদেশের কোন জাতীয় দিবসের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) স্বাধীনতা দিবস খ) বিজয় দিবস
গ) শহিদ দিবস ঘ) বুদ্ধিজীবী দিবস

৫। ঢাকার কোথায় পাকিস্তানি বাহিনী বধ্যভূমি তৈরি করেছিল?
ক) আগারগাঁও খ) রায়েরবাজার
গ) লালবাগ ঘ) মিরপুর

৬। পূর্ব পাকিস্তানে ‘অপারেশন সার্চলাইট’ নামে গণহত্যা পরিচালনা করার পেছনে কী কারণ ছিল?
ক) বাঙালি জাতিকে নির্মুল করা
খ) জনসংখ্যা হ্রাস করা
গ) নিজস্ব কর্তৃত্ব প্রতিষ্ঠা করা
ঘ) শত্রুদের পরাজিত করা

৭। বাংলাদেশের মুক্তিযুদ্ধে জাতি-ধর্ম নির্বিশেষে যারা অংশগ্রহণ করেছিলেন-
i) সকল ধর্মের মানুষ
ii) সকল পেশার মানুষ
iii) সর্বস্তরের মানুষ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৮-১০ নং প্রশ্নের উত্তর দাওঃ
‘ক’ অঞ্চলের শাসকগোষ্ঠী ‘খ’ অঞ্চলের মানুষদের নানাভাবে অত্যাচার-নির্যাতন করে। ‘খ’ অঞ্চলের নেতা জামান এর প্রতিবাদ করে জ্বালাময়ী এক ভাষণ দেন, যার প্রভাবে সর্বস্তরের মানুষ আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে।

৮। ‘ক’ অঞ্চলের শাসকগোষ্ঠীর সাথে নিচের কোন গোষ্ঠীর মিল রয়েছে?
ক) পাকিস্তানের শাসকগোষ্ঠী খ) ভারতের শাসকগোষ্ঠী
গ) চীনের শাসকগোষ্ঠী ঘ) নেপালের শাসকগোষ্ঠী

৯। ‘খ’ অঞ্চলের নেতা জামান এর কর্মকান্ডের সাথে বাংলাদেশের কোন নেতার কর্মকান্ডের মিল রয়েছে?
ক) হোসেন শহীদ সোহরাওয়ার্দী
খ) শেখ মুজিবুর রহমান
গ) মাওলানা ভাসানী
ঘ) তাজউদ্দীন আহমদ

১০। উদ্দীপকে বর্ণিত ভাষণের প্রভাবে যে আন্দোলন সংঘটিত হয় তাঁর ফলাফল ছিল-
ক) ভাষা আন্দোলন খ) অসহযোগ আন্দোলন
গ) গণ আন্দোলন ঘ) ছাত্র আন্দোলন

১১। একটি দেশের সামগ্রিক অর্থনীতির শক্তি বোঝার জন্য নিচের কোনটি হিসাব করা হয়?
ক) জিএনপি খ) জিডিপি গ) জিপিডি ঘ) জিএনআই

১২। কোনটি শিল্পখাতের অন্তর্ভুক্ত নয়?
ক) খনিজ সম্পদ খ) নির্মাণ শিল্প
গ) বিদ্যুৎ ঘ) ব্যবসা-বাণিজ্য

১৩। শ্রমশক্তিসম্পন্ন মানুষকে কী বলা হয়?
ক) শ্রমসম্পদ খ) জনশক্তি
গ) মানবসম্পদ ঘ) লোকশক্তি

১৪। কত সালে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করা হয়?
ক) ২০১৪ সালে খ) ২০১২ সালে
গ) ২০১০ সালে ঘ) ২০০৮ সালে

১৫। বাংলাদেশে প্রত্যাশিত আয়ুষ্কাল কত বছর?
ক) ৬৬.২ খ) ৬৭.২ গ) ৬৯.৬ ঘ) ৭২.৮

১৬। মাথাপিছু আয় বাড়ালে দেশের জনগণের জীবনযাত্রার মান বাড়বে কেন?
ক) অর্থনীতি সমৃদ্ধ হবে বলে
খ) জাতীয় উৎপাদন হবে বলে
গ) উৎপাদন পদ্ধতি পরিবর্তন হবে বলে
ঘ) চাহিদার ভারসাম্য হবে বলে

১৭। কিসের মাধ্যমে আমরা আমাদের জাতীয় আয় বৃদ্ধি করতে পারি?
ক) প্রযুক্তি বিকাশের মাধ্যমে
খ) সুযোগ সৃষ্টির মাধ্যমে
গ) জ্ঞানলাভের মাধ্যমে
ঘ) দক্ষতা বিকাশের মাধ্যমে

১৮। মানুষ রাষ্ট্র ও সমাজের সম্পদে পরিণত হয় যেভাবে-
i) শ্রম দিয়ে ii) সেবা দিয়ে iii) মেধা দিয়ে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৯-২০ নং উত্তর দাওঃ
অর্থনীতিবিষয়ক একটি সেমিনারে একজন অর্থনীতিবিদ বলেন, বিভিন্ন সূচকের সাহায্যে বোঝা যায় যে, বাংলাদেশ উন্নয়নশীল দেশের অন্তর্ভুক্ত। তবে বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে এ অবস্থার আর ও উত্তরণ ঘটানো সম্ভব।

১৯। সেমিনারে অর্থনীতিবিদ যে সূচকগুলোর প্রতি ইঙ্গিত করেছেন-
i) GDP ii) GNP iii) GSS
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০। বাংলাদেশের অর্থনীতির অবস্থা উত্তরণের জন্য যথাযথ পদক্ষেপসমূহ হলো-
i) কৃষিখাতে উন্নয়ন
ii) শিল্পখাতে উন্নয়ন
iii) সেবাখাতে উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১। বিচার বিভাগের সর্বোচ্চ স্তর কোনটি?
ক) আপিল বিভাগ খ) হাইকোর্ট বিভাগ
গ) সুপ্রিম কোর্ট ঘ) আইন বিভাগ

২২। বাংলাদেশ কোন ধরনের রাষ্ট্র?
ক) গণতান্ত্রিক খ) রাজনৈতিক
গ) প্রজাতান্ত্রিক ঘ) স্বৈরতান্ত্রিক

২৩। রাষ্ট্র পরিচালনার পবিত্র দলিল কী?
ক) ধর্মীয় গ্রন্থ খ) আইনের গ্রন্থ
গ) পাঠ্য গ্রন্থ ঘ) সংবিধান

২৪। সংবিধানে সর্বজনীন ভোটাধিকারের সর্বনিম্ন বয়সসীমা কত বছর?
ক) ২০ খ) ১৮ গ) ২১ ঘ) ২৩

২৫। সুশাসনের পূর্বশর্ত কোনটি?
ক) সচেতনতা খ) আর্থিক সহায়তা
গ) জবাবদিহিতা ঘ) নিরপেক্ষতা

২৬। আইন কার্যকর ও দেশের প্রশাসন পরিচালনা করে-
ক) জনগণ খ) আইনসভা
গ) শাসন বিভাগ ঘ) বিচার বিভাগ

২৭। যে ধরনের ছাত্র- ছাত্রীদের বৃত্তি প্রদান করা ইউনিয়ন পরিষদের একটি কাজ-
i) গরিব ii) মেধাবী iii) ধনী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮। নিতু স্থানীয় সরকারের প্রয়োজনের ক্ষেত্রে  সমর্থন করবে-

i)গণসচেতনতা

ii) স্থানীয় পর্যায়ে শাসনকাজ সম্পাদন

iii) উন্নয়ন কর্মকান্ড পরিচালনা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৯-৩০ নং প্রশ্নের উত্তর দাওঃ

বিশ্বের প্রতিটি রাষ্ট্রের একটি সংবিধান রয়েছে। সংবিধানকে বলা হয় রাষ্ট্রের পবিত্র দলিল। সংবিধান সংশোধনও করা হয় রাষ্ট্রীয় প্রয়োজনে। বাংলাদেশের চারটি রাষ্ট্রীয় মূলনীতি রয়েছে।

২৯। রাষ্ট্র পরিচালিত হওয়ার পেছনে কোনটি কার্যকর?

ক) শাসকের ইচ্ছা অনুসারে চলা

খ) মূলনীতি অনুসারে চলা

গ) ক্ষমতাবানদের ইচ্ছা অনুসারে চলা

ঘ) ব্যবসায়ীদের ইচ্ছা অনুসারে চলা

৩০। উদ্দীপকে সংবিধান সংশোধনীর কথা বলা হয়েছে। বাংলাদেশের সংবিধানের ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য?

ক) অলিখিত সংবিধান

খ) সুপরিবর্তনীয় সংবিধান

গ) ১৩ বার সংশোধন করা হয়

ঘ) ১৬ বার সংশোধন করা হয়

## বিষয়- বংলাদেশ ওবিশ্বপরিচয় (সৃজনশীল)

সময়- ৪৫মিনিট                                                                পূর্ণমান -২০

**[বিঃদ্রঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।**

১। জনাব জামান একজন ব্যবসায়ী। কিছু পণ্য তিনি নিজে উৎপাদন করেন। কিছু পণ্য অন্যের থেকে কিনে বিক্রি করেন। তাঁর ব্যবসা সংক্রান্ত কার্যক্রম দেশের অভ্যন্তরেই সীমাবদ্ধ। অন্যদিকে জনাব সাজিদ দীর্ঘদিন ধরে বিদেশে আছেন। তিনি অর্জিত অর্থ দেশে পাঠানোর মাধ্যমে তাঁর পারিবারিক প্রয়োজন মিটিয়ে থাকেন।

ক. মানব সম্পদ কী? ১

খ. ‘মানব উন্নয়ন সূচক’ ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব জামানের কর্মকান্ড অর্থনীতির কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. “জনাব সাজিদের কর্মকান্ড দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে”। -মূল্যায়ন কর। ৪

২। জনাব ‘ক’ ও জনাব ‘খ’ দু’জনে রাষ্ট্রের দুটি গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত। জনাব ‘ক’ আইন প্রণয়নে ভূমিকা রাখেন। অপরদিকে, জনাব ‘খ’ সেই আইন বাস্তবায়ন করেন।

ক. স্থানীয় সরকার কী? ১

খ. রাষ্ট্র পরিচালনার মূল দলিল বলা হয় কোনটিকে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব ‘ক’ এর কাজ সরকারের কোন বিভাগকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব ‘ক’ ও ‘খ’ এর সম্পাদিত কাজের মাধ্যমেই কি রাষ্ট্র পরিচালনা সম্ভব? মতামত দাও।৪